

Total No. of Printed Pages—4

5 SEM FYUGP BNLC5A

2025

(November)

BENGALI

(Core)

Paper : BNLC5A

(ছন্দ-অলংকার ও সাহিত্যের রূপ-রীতি)

Full Marks : 60

Time : 2 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

প্রথম একক

(ছন্দ)

১। পূর্ণ বাক্যে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) বাংলা ছন্দ বিচারে লয় কত প্রকার ?

(খ) পর্বঙ্গ কাকে বলে ?

(গ) বাংলা পয়ারের মাত্রা-সংখ্যা সাধারণত কত হয় ?

২। উত্তর দাও (যে কোনো একটি) : ৪

(ক) অমিত্রাক্ষর ছন্দের বৈশিষ্ট্য উদাহরণ সহযোগে আলোচনা
করো।

- (খ) সব ঠাঁই মোর ঘর আছে, আমি
সেই ঘর মরি খুঁজিয়া ।
দেশে দেশে মোর দেশ আছে, আমি
সেই দেশ লব যুঝিয়া ।
ছন্দোলিপি প্রস্তুত করো ।

৩। উত্তর দাও (যে কোনো একটি) : ৯

- (ক) স্বাসাঘাতপ্রধান ছন্দের স্বরূপ ও বৈশিষ্ট্য আলোচনা করো ।
(খ) তানপ্রধান ছন্দের সংজ্ঞাসহ লক্ষণগুলি বিশ্লেষণ করো ।

দ্বিতীয় একক
(অলংকার)

৪। পূর্ণ বাক্যে উত্তর দাও (যে কোনো দুটি) : $1 \times 2 = 2$

- (ক) অলংকার কত প্রকার ?
(খ) “ভারত ভারতখ্যাত আপনার গুণে”—কোন অলংকারের
উদাহরণ ?
(গ) শ্লেষ অলংকার কয়টি শ্রেণীতে বিভক্ত ?

৫। অলংকার নির্ণয় করো (যে কোনো একটি) : ৩

- (ক) “চলচপলার চকিত চমকে করিছে চরণ বিচরণ—।”
(খ) “ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময় :
পূর্ণিমা-চাঁদ যেন ঝলসানো রুটি ।।”

৬। উত্তর দাও (যে কোনো একটি) : ১০

- (ক) সাদৃশ্যমূলক অর্থালংকারের সংজ্ঞা নির্দেশ করে তোমাদের
পাঠ্য যে কোনো তিনটি এই শ্রেণীর অলংকারের
উদাহরণসহ ব্যাখ্যা দাও ।
(খ) শব্দালংকার কাকে বলে? শব্দালংকারের শ্রেণীবিন্যাস
করে যে কোনো দুটি অলংকার উদাহরণসহ আলোচনা
করো ।

তৃতীয় একক

(সাহিত্যের রূপ-রীতি : কাব্য ও নাটক)

৭। পূর্ণ বাক্যে উত্তর দাও (যে কোনো দুটি) : $1 \times 2 = 2$

- (ক) একটি সাহিত্যিক মহাকাব্যের উদাহরণ দাও ।
(খ) মীর মশাররফ হোসেনের ‘জমিদার দর্পণ’ কোন শ্রেণীর
বাংলা নাটক ?
(গ) একটি বাংলা পত্রকাব্যের উদাহরণ দাও ।

৮। উত্তর দাও (যে কোনো একটি) : ৩

- (ক) গীতিকাব্য সম্পর্কে সংক্ষেপে বর্ণনা দাও ।
(খ) থার্ড থিয়েটার গঠনে বাদল সরকারের অবদান সংক্ষেপে
তুলে ধরো ।

৯। উত্তর দাও (যে কোনো একটি) : ১০

- (ক) মহাকাব্য কাকে বলে? মহাকাব্যের বৈশিষ্ট্যগুলি
উদাহরণসহ আলোচনা করো ।
(খ) বাংলা উদ্ভট নাটকের একটি উদাহরণ দাও । উদ্ভট নাটক
উদ্ভবের পটভূমি সংক্ষেপে বর্ণনা করে এই জাতীয়
নাটকের সাধারণ লক্ষণগুলোর পরিচয় দাও ।

চতুর্থ একক

(সাহিত্যের রূপ-রীতি : গল্প, উপন্যাস ও প্রবন্ধ)

১০। পূর্ণ বাক্যে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) রবীন্দ্রনাথের 'কঙ্কাল' কোন্ শ্রেণীর গল্প ?

(খ) একটি রাজনৈতিক উপন্যাসের নাম লেখো।

(গ) একটি রম্যরচনার উদাহরণ দাও।

১১। উত্তর দাও (যে কোনো একটি) : ৩

(ক) অণুগল্প সম্পর্কে সংক্ষেপে বর্ণনা দাও।

(খ) উদাহরণসহ সামাজিক উপন্যাসের বৈশিষ্ট্যগুলো সম্পর্কে সংক্ষেপে লেখো।

১২। উত্তর দাও (যে কোনো একটি) : ১০

(ক) সংজ্ঞাসহ ছোটগল্পের বৈশিষ্ট্যগুলো তুলে ধরো।

(খ) প্রবন্ধ কাকে বলে? উদাহরণসহ 'তথ্য' ও 'মতামত' প্রবন্ধের বৈশিষ্ট্যগুলো সম্পর্কে আলোচনা করো।

★ ★ ★